



ISO 9001:2015 CERTIFIED

ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২ পানালিয়া, নবাবগঞ্জ, ঢাকা-১৩২০

ফোনঃ ৭৭৬৫২৪২ (অফিস)
৭৭৬৫২৪৪ (ফ্যাক্স), ৭৭৬৫২৪৫ (অভিযোগ কেন্দ্র)
ওয়েবসাইট : www.dhakapbs2.org.bd
ই-মেইল : dhakapbs2@gmail.com
info@dhakapbs2.org.bd

=১=

স্মারক নং-২৭.১২.২৬৬২.৫১৭.০১.০০৩.২০১৮. ৪০৬

তারিখঃ- ২৫ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ।
০৭ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিষ্টাব্দ।

“আন্তঃপবিস নিয়োগ বিজ্ঞপ্তি”

ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এ নিম্নবর্ণিত শূণ্য পদে লোকবল নিয়োগের নিমিত্তে পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪ ও ৩০০-২৪ এবং চাকুরীবিধি-১৯৯২ (সংশোধিত-২০১২) অনুযায়ী পদোন্নতির যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন লাইনম্যান গ্রেড-১ পদে কর্মরত প্রার্থীগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্ব-হস্তে লিখিত আবেদন আহবান করা যাচ্ছে।

পদের নাম : লাইন টেকনিশিয়ান।

০১। আবেদন করার নিয়মাবলী:

আবেদনকারীকে পদের নাম উল্লেখ করে লিখিত আবেদনপত্রে (ক) নিজের নাম (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) বয়স (জ) জাতীয়তা (ঝ) ধর্ম (ঞ) শিক্ষাগত যোগ্যতা (ট) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ (ঠ) চাকুরীতে নিয়মিত করণের তারিখ এবং লাইনম্যান গ্রেড-১ পদে পদোন্নতি ও নিয়মিতকরণের তারিখ উল্লেখ পূর্বক **আগামী ২৭/০২/২০১৮ খ্রিঃ তারিখ বোজ মঙ্গলবার বেলা ১২:৩০ ঘটিকার** সময় ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২, পানালিয়া, নবাবগঞ্জ, ঢাকা এ স্ব-শরীরে উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০২। আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবে।

- বর্তমান পদে যোগদান ও নিয়মিত করণ পত্রের ফটোকপি।
- পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১২ অনুযায়ী প্রযোজ্য প্রশিক্ষণে কৃতকায় হওয়ার প্রমাণপত্রের ফটোকপি।
- বিগত ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের সত্যায়িত ফটোকপি।
- হালনাগাদ ড্রাইভিং লাইসেন্সের সত্যায়িত ফটোকপি।
- সম্প্রতি তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি।
- আবেদনকারীকে পদোন্নতি প্রদানের জন্য সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর সুস্পষ্ট সুপারিশ থাকতে হবে।
- সর্বশেষ ০৫ (পাঁচ) বছরের দস্ত উল্লেখ পূর্বক বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা নেই অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন নেই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।
- সকল কাগজপত্র এজিএম (প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত হতে হবে।

০৩। প্রার্থীর যোগ্যতা :

- লাইনম্যান গ্রেড-১ পদে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
- বিদ্যুৎ বিতরণ সুবিধা সৃষ্টিতে লাইন নির্মাণ, রক্ষণাবেক্ষণ ও পরিচালনায় পর্যাপ্ত জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে।
- পবিস নির্দেশিকা ৩০০-০৮ অনুযায়ী লাইনম্যান প্রশিক্ষণ সমাপ্ত হতে হবে।
- বৈদ্যুতিক লাইন, স্টেকিং শীট, বাপবিবোর্ডের নির্মাণ নীতিমালা এবং বিতরণ লাইন রক্ষণাবেক্ষণ জ্ঞান থাকতে হবে।
- জরুরী প্রাথমিক চিকিৎসায় প্রশিক্ষণ ও পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।
- প্রার্থীকে অবশ্যই বৈদ্যুতিক পোলে উঠা এবং পোলে উঠে কাজ করার সামর্থ্য থাকতে হবে।
- লাইনক্রগগকে কাজ করার ক্ষেত্রে সংগঠিত ও তত্ত্বাবধান করার ক্ষমতা থাকতে হবে।
- লাইনম্যান গ্রেড-১ পদের সর্বশেষ ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়ন গড় রেটিং ৩.৫০ থাকতে হবে।

(অপর পাতা দৃষ্টব্য)

